



## জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd



স্মারক নং- ৩৭.০৬.০০০০.২০১.৫৪.০০৩.১৮/৫৬(১-৪৮৩)

তারিখ : ০৮/০১/২০২০

**বিষয় :** ২০২০ শিক্ষাবর্ষের মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভাষন), এস এস সি ভোকেশনাল, ইবতেদায়ী, দাখিল ও দাখিল ভোকেশনাল স্তরের পাঠ্যপুস্তক বিদ্যালয়ে পৌছানোর পরিবহণ ব্যয় বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

**সূত্র :** ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শা:/১০/৭(এনসিটিবি -৬/২০০৯ (অংশ)/৫৫২ তারিখ : ১৯/৯/২০১১  
২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শা:/১০/৭(এনসিটিবি -২/২০১০/২১) তারিখ : ০৯/০১/২০১২  
৩। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৩.১৬.৬৩০ তারিখ : ১৩/০৭/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২০ শিক্ষাবর্ষের মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভাষন), এস এস সি ভোকেশনাল, ইবতেদায়ী, দাখিল ও দাখিল ভোকেশনাল স্তরের পাঠ্যপুস্তক শিক্ষা প্রতিষ্ঠানে পৌছানোর পরিবহন ব্যয় নির্বাহের জন্য যে সকল জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দাপ্তরিক হিসাব নম্বর পাওয়া গেছে সোনালী ব্যাংক লিঃ, এনসিটিবি শাখা, ঢাকা হতে তাদের দাপ্তরিক ব্যাংক হিসাবে পাঠ্যপুস্তক পরিবহন বরাদ্দ প্রেরণ করা হয়েছে।

বরাদ্দকৃত অর্থ ব্যয় ও হিসাব সংরক্ষনের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করার জন্য বিশেষ অনুরোধ করা হলো।

- এ ব্যয় নির্বাহের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এবং অন্যান্য প্রচলিত আর্থিক বিধিবিধান অনুসরণ করতে হবে।
- পাঠ্যপুস্তক পরিবহনের জন্য প্রেরিত অর্থ আপনার দপ্তর হতে যেসকল প্রতিষ্ঠানের পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে সেসকল প্রতিষ্ঠান প্রধানদের মাধ্যমে ব্যয় করতে হবে। প্রতিষ্ঠান প্রধানগণ হতে অর্থ ব্যয়ের সকল ভাউচার সংগ্রহ করে নিজ দপ্তরে সংরক্ষণ করবেন এবং পাঠ্যপুস্তক পরিবহনের বরাদ্দকৃত অর্থের অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- অন্যান্য সরকারি বরাদ্দের ন্যায় সরকারি বিধি অনুযায়ী পাঠ্যপুস্তক পরিবহণ ব্যয় নির্বাহের পর অব্যয়িত অর্থ থাকলে সরকারি কোষাগারে কোড নং-১-২৫০১-০০০১-২৬৭১ এ চালানের মাধ্যমে জমা দিয়ে ফটোকপি অনুচ্ছেদ ০২ এ উল্লিখিত প্রতিবেদনের সাথে এনসিটিবিতে প্রেরণ করতে হবে।
- পাঠ্যপুস্তক পরিবহণ ব্যয় বাবদ বরাদ্দকৃত অর্থ পরিবহণ, লোডিং-আনলোডিং, সুতলী, প্যাকিং দ্রব্যাদি ক্রয়, নৈশ প্রহরী উপখাতে ব্যয় করা যাবে।
- বরাদ্দকৃত অর্থ উপানুচ্ছেদ 'ঘ' এ উল্লিখিত খাত ব্যতিত অন্য কোনো খাতে ব্যয় করা যাবে না এবং কর্মকর্তা ও কর্মচারীদের সম্মানী ভাতা/পারিশ্রমিক হিসাবে প্রদান করা যাবে না।
- প্রযোজ্য ক্ষেত্রে আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে এবং পরিশোধিত চালানের ফটোকপি অনুচ্ছেদ ০২ এ উল্লিখিত প্রতিবেদনের সাথে দাখিল করতে হবে।।

০২। বরাদ্দকৃত অর্থের ব্যয়ের প্রতিবেদন ২০১৯-২০২০ অর্থ বছরের মধ্যে এনসিটিবিতে প্রেরণ করতে হবে।

স্বাঃ  
(মির্জা তারিক হিকমত)  
যুগ্মসচিব  
ও  
সদস্য (অর্থ)  
ফোন : ৯৫৫৫২৪৮

জেলা শিক্ষা অফিসার (সকল)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)